

## সরকারী কলেজে প্রতি আসনে লড়বেন ১৮ পরীক্ষার্থী

স্টাফ রিপোর্টার ॥ এ বছর মেডিক্যাল ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারীর সংখ্যা গতবারের তুলনায় সাত হাজার বেড়েছে। সরকারী ও বেসরকারী কলেজের প্রতিটি আসনের জন্য লড়বেন ৭ পরীক্ষার্থী। আর শুধু সরকারী কলেজের প্রতিটি আসনের জন্য লড়বেন ১৮ পরীক্ষার্থী।

আসনের তুলনায় পরীক্ষার্থীর সংখ্যা বেশি হওয়ায় প্রতি বছরই মেডিক্যাল শিক্ষাগ্রহণ করতে পারেন না অনেক মেধাবী শিক্ষার্থী। স্বাস্থ্য অধিদফতর জানায়, এ বছর সরকারী কলেজে ৪,০৬৮ আসন ও বেসরকারী কলেজে ৬,৩৩৬ আসন মোট ১০,৪০৪ আসনের বিপরীতে মোট ৭২,৯২৮ জন ভর্তিচ্ছু শিক্ষার্থী এমবিবিএস ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন করেছে, যা গত বছরের তুলনায় ৭,০০৯ জন বেশি। ঢাকা মহানগরের ৫ কেন্দ্রের ১১ ভেন্যুতে ৩৫,৯৮৫ পরীক্ষার্থী এবং ঢাকার বাইরে ১৫ জেলায় ৩৬,৯৪৩ পরীক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করবে।

স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালক অধ্যাপক ডাঃ আবুল কালাম আজাদ জনকণ্ঠকে জানান, এ বছর প্রশ্নপত্র প্রণয়নে প্রযুক্তিগত পরিবর্তন আনা হয়েছে। প্রশ্নপত্র প্রেরণের জন্য ট্রাক্সের সঙ্গে সংযুক্ত ট্র্যাকিং ডিভাইসসমূহ ইতোমধ্যে প্রস্তুত করা হয়েছে। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এবং গোয়েন্দা সংস্থা তাদের গোয়েন্দা তৎপরতা ও নজরদারি জোরদার করেছে। আগামী ১১ অক্টোবর দেশব্যাপী একযোগে ১৯ কেন্দ্রের ৩২ ভেন্যুতে এমবিবিএস কোর্সের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হতে যাচ্ছে।

**সাবধানবাণী:** বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান। সম্পাদক কর্তৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লিঃ ও জনকণ্ঠ লিঃ ঢাকা থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজিঃ নং ডিএ ৭৯৬।

**কার্যালয়:** জনকণ্ঠ ভবন,  
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন,  
জিপিও বাক্স: ৩৩৮০, ঢাকা।

**ফোন:** ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহ্যান্ডিং ২০ টি লাইন),  
**ফ্যাক্স:** ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫  
**ই-মেইল:** janakanthanews@gmail.com  
**ই-জনকণ্ঠ:** [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com)

**আঞ্চলিক কার্যালয় (চট্টগ্রাম):** মান্নান ভবন (দোতলা),  
১৫৬ নুর আহমদ সড়ক (জুবিলী রোড), চট্টগ্রাম,

Copyright © All rights reserved by dailyjanakantha.com